

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল
publiclibrary.barisaldiv.gov.bd

নং ৪৩.২৬.০৬০০.০০০.২৩.০০২.১৮.৩২/১(৯০)

তারিখ: ১১/০২/২০২৪

বিষয়: 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪' উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪' উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশালে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্রমিক নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১.	ক	পঞ্চম-অষ্টম	অমর একুশে	১০০০	১১/০২/২০২৪ খ্রি. বিকাল ৪.০০টায় বরিশাল বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে জমা দেয়া যাবে।
২.	খ	নবম-দ্বাদশ	মাতৃভাষায় বিজ্ঞান চর্চা	১২০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর/সর্বসাধারণ	একুশের গান ও কবিতা	১৫০০	


খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্রমিক নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	চিত্রাংকন প্রতিযোগিতার সময় ও স্থান
১.	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১১/০২/২০২৪ খ্রি. বিকাল ৩.৩০মি. বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার বরিশালের ২য় তলার শিশু-কিশোর পাঠকক্ষে অনুষ্ঠিত হবে।
২.	খ	তৃতীয় শ্রেণি-সপ্তম শ্রেণি		

শর্তাবলী:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।
২. রচনা ও চিত্রাংকনে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৩. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাংকনে জলরঙ ব্যবহার করা যাবে না।
৪. শিক্ষার্থীদের ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত স্টুডেন্ট আইডি কার্ড বা প্রত্যয়নপত্র এবং (সর্বসাধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) এর পাশাপাশি চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদের ফটোকপি দাখিল করতে হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক


১১.০২.২০২৪

ড. মো: আহছান উল্লাহ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
ফোন ০২৪৭৮-৮৬৩৭৮৩ (অ:), ০১৮৪৬-২৯৯৩৩৩
dplbarisal@gmail.com

নং ৪৩.২৬.০৬০০.০০০.২৩.০০৩.১৮.

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বরিশাল।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার,..... বরিশাল।
- ৫। অফিস কপি।

ড. মো: আহছান উল্লাহ
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক